# যদি আপনার প্রতিবন্ধীত্ব থাকে তাহলে ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস'এর (ডিএইচএস) কাছ থেকে উপযুক্ত আবাসন পাওয়ার জন্য কীভাবে অনুরোধ করতে হবে

## একটি উপযুক্ত আবাসন কাকে বলে?

একটি উপযুক্ত আবাসন (আরএ) হ'ল একটি ব্যবস্থাতে কিছু পরিবর্তন করা যাতে একজন প্রতিবন্ধী ব্যক্তি প্রয়োজনীয় পরিষেবা পেতে পারেন। ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস'এর মতো সরকারি এজেন্সিগুলি অবশ্যই তাদের নিয়ম ও পদ্ধতিগুলির সামঞ্জস্য করবেন যাতে প্রতিবন্ধী ব্যক্তিরা সমভাবে ব্যবহার করতে পারেন। যদি আপনার প্রতিবন্ধীত্ব থাকে এবং ডিএইচএস আশ্রয়ের প্রয়োজন হয়, তাহলে ডিএইচএস আশ্রয় ও পরিষেবা ব্যবহার করার জন্য আপনার যা প্রয়োজন তা ডিএইচএস দেবে। প্রতিবন্ধীত্বের কারণে আপনার প্রয়োজনের ভিত্তিতে ডিএইচএস আপনাকে বিভিন্ন প্রকারের আরএ দিতে পারে।

## প্রতিবন্ধীত্ব কাকে বলে?

আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (এডিএ) অনুযায়ী, একজন প্রতিবন্ধী ব্যক্তি হলেন "একজন ব্যক্তি যার শারীরিক অথবা মানসিক একটি অক্ষমতা আছে যা তার জীবনের এক বা একাধিক গুরুত্বপূর্ণ ক্রিয়াকলাপকে যথেষ্ট পরিমাণে সীমিত করে।" আপনার যদি এমন কোনও শারীরিক অথবা মানসিক স্বাস্থ্যের অবস্থা থাকে যা বারে বারে এবং গুরুতর ভাবে আপনার দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে, তাহলে এডিএ অনুযায়ী আপনার হয়তো একটি প্রতিবন্ধীত্ব আছে। প্রতিবন্ধীত্বের কারণে কারুর প্রতি বৈষম্য করা আইন বিরুদ্ধ।

## ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস থেকে একটি উপযুক্ত আবাসন পাওয়ার বিষয়ে আমার কী কী অধিকার আছে?

আপনার যদি ডিএইচএস'এর কাছ থেকে আশ্রয়ের প্রয়োজন হয়, এবং একটি প্রতিবন্ধীত্বের কারণে আপনার যদি ডিএইচএস পরিষেবা ব্যবহার করা কঠিন হয়, তাহলে আপনি একটি আরএ'এর জন্য অনুরোধ করতে পারেন।

যদি আপনি এখনও আশ্রয় পাওয়ার যোগ্য না হন, তবুও ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (ডিএইচএস) আপনার এবং আপনার পরিবারের প্রতিবন্ধীত্ব সংক্রান্ত প্রয়োজন মেটাবে। একজন ব্যক্তির আরএ প্রয়োজন হওয়ার সাধারণ কয়েকটি কারণ হ'ল যদি তিনি হুইলচেয়ার অথবা অন্যান্য ওয়াকিং এইড ব্যবহার করেন, অথবা শ্রবণ সংক্রান্ত সমস্যা থাকে, অথবা শিক্ষা সংক্রান্ত অক্ষমতা থাকে।

## আমি কী ধরণের উপযুক্ত আবাসন পেতে পারি?

প্রত্যেকটি আরএ অনুরোধ যিনি আবেদন করছেন তার জন্য অনন্য এবং নির্দিষ্ট। একজন ব্যক্তির প্রয়োজনীয় আরএ'এর প্রকার ও সংখ্যার কোনও ঊর্ধ্বসীমা নেই। সাধারণভাবে আরএ'এর কয়েকটি উদাহরণ হল যদি আপনি ডিএইচএস দফতরে দীর্ঘ সময় অপেক্ষা করতে অক্ষম হন তাহলে সময় হ্রাস করা, সিঁড়ি বেয়ে ওঠা-নামা না করতে

পারলে এলিভেটর ব্যবহার করা, উষ্ণ তাপমাত্রায় নিঃশ্বাস-প্রশ্বাসের অসুবিধা থাকলে এয়ার কন্ডিশনার ব্যবহার করতে পারা, কোনও অ্যালার্জি অথবা রোগের কারণে বিশেষ ধরণের খাদ্যের প্রয়োজন হওয়া।

## একটি উপযুক্ত আবাসনের জন্য আমি কীভাবে অনুরোধ করতে পারি?

একটি আরএ'এর জন্য অনুরোধের একাধিক উপায় আছে। সবচেয়ে সাধারণ উপায়গুলি হ'ল আপনার আশ্রয়কেন্দ্রের কোনও কর্মীকে বলা, অথবা ডিএইচএস রিজনেবেল অ্যাকোমডেশন রিকোয়েস্ট ফরম পূরণ করা। ফর্মটি পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয়, তাহলে আশ্রয়কেন্দ্রের কর্মীরা আপনাকে অবশ্যই সাহায্য করবেন।

আপনার প্রতিবন্ধীত্ব যদি "চোখে দেখা যায়" অথবা স্পষ্ট হয়, তবে আপনার যা প্রয়োজন তা পেতে আপনাকে কোনও নথিপত্র অথবা ফর্ম জমা দিতে হবে না। উদাহরণস্বরূপ, হুইলচেয়ার ব্যবহারকারী একজন ব্যক্তি এলিভেটর আছে এমন একটি বাড়িতে অথবা একতলায় থাকার জন্য অনুরোধ করতে পারেন। এই ক্ষেত্রে, গ্রাহককে কোনও নথি জমা দিতে হবে না যে তিনি হুইলচেয়ার ব্যবহার করেন, কারণ কর্মীরা তা দেখতে পাচ্ছেন।

যদি আপনার প্রতিবন্ধীত্ব "চোখে দেখা না যায়", তাহলে অনুমোদনের জন্য আপনার আরএ'র অনুরোধ নথিভুক্ত করতে হতে পারে। আরএ'এর জন্য নথি সহ (যদি প্রয়োজন হয়) আপনার অনুরোধ করার পরে সেই অনুরোধ এবং নথি থাকলে তা সহ আশ্রয়কেন্দ্রের কর্মী ডিএইচএস'এর কাছে পাঠিয়ে দেবেন। তারপরে ডিএইচএস'এর কর্মীরা সিদ্ধান্ত নেবেন যে আপনার আরএ মঞ্জুর করা হবে কিনা।

## একটি আরএ'র অনুরোধের জন্য ডিএইচএস'এর কী ধরণের নথিপত্রের প্রয়োজন হয়?

যদি আপনার প্রতিবন্ধীত্ব চোখে দেখা যায়, তাহলে ডিএইচএস'এর দ্বারা আপনার আরএ অনুমোদনের জন্য আপনার কোনও রকমের নথিপত্র জমা দেওয়ার প্রয়োজন নেই। এছাড়াও ইতিমধ্যে যদি ডিএইচএস'এর কাছে আপনার প্রতিবন্ধীত্ব ও আরএ'এর প্রয়োজন সংক্রান্ত নথিপত্র থেকে থাকে, যা আগে আপনার আরএ'এর জন্য ডিএইচএস অনুমোদন করেছিল, তাহলে আপনাকে সেই একই তথ্য আবার জমা দেওয়ার দরকার নেই। কখনও কখনও ডিএইচএস'এর কাছে রেকর্ডের প্রতিলিপি থাকে না, যা তাদের কাছে থাকা উচিৎ ছিল, সেই ক্ষেত্রে তার আবার আপনার কাছে সেগুলি চাইতে পারে।

যদি আপনার প্রতিবন্ধীত্ব চোখে দেখা না যায়, তাহলে আপনার প্রতিবন্ধীত্ব সংক্রান্ত প্রয়োজন(গুলি) ডিএইচএস'এর কাছে নথিভুক্ত করতে হতে পারে। আপনার প্রতিবন্ধীত্ব সম্পর্কে জানেন এমন একজন পেশাদারের কাছ থেকে নথি আসতে হবে। উদাহরণস্বরূপ, একজন ডাক্তার, সমাজ সেবক, পুনর্বাসনের পরামর্শদাতা, অথবা অন্যান্য পেশাদার চিকিৎসকের কাছ থেকে নথিগুলি আসতে পারে।

আরএ'এর জন্য আপনার অনুরোধের সাথে আপনাকে যে নথি জমা দিতে হবে তা একটি চিকিৎসার রেকর্ড হলে চলবে না। বস্তুত, আপনাকে যে নথি জমা দিতে হবে তা একটি চিকিৎসার রেকর্ডের চেয়ে অনেক সংক্ষিপ্ত। আপনাকে যে তথ্য জমা দিতে হবে তা হ'ল শুধুমাত্র একটি চিঠি যাতে নিম্নলিখিত তিনটি তথ্য থাকবে:

1. আপনার যে আরএ প্রয়োজন
2. এই সংক্রান্ত প্রতিবন্ধীত্ব
3. এবং আপনার প্রতিবন্ধীত্বের (অথবা প্রতিবন্ধীত্বগুলির) সাথে আপনার প্রয়োজনীয় আরএ'এর যোগসূত্র। চিঠির তৃতীয় অংশে ব্যাখ্যা করা থাকবে যে আরএ কীভাবে আপনাকে আশ্রয়স্থলে সহায়তা করবে, যা ছাড়া আপনি আরএ ব্যবহার করতে পারবেন না।

এছাড়াও যদিও প্রয়োজনীয় নয় তবুও চিঠিতে নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত থাকলে সুবিধা হবে:

4. আরএ না থাকায় আপনার যে অসুবিধাগুলি হত (উদাহরণস্বরূপ, আরও খারাপ উপসর্গ হওয়া, প্রায়শই চিকিৎসকের পরামর্শ নেওয়া, অথবা আপনার ওষুধপত্র বৃদ্ধি করা)
5. আপনার অনুরোধ করা আরএ না পেলে ভবিষ্যতে যে খারাপ জিনিসগুলি হতে পারে
6. যিনি চিঠি লিখেছেন তার সাথে যোগাযোগ করার জন্য ফোন নম্বর অথবা ইমেইল যা ডিএইচএস ব্যবহার করতে পারে

## আমার প্রতিবন্ধীত্ব সংক্রান্ত তথ্য ডিএইচএস কীভাবে ব্যবহার করবে?

আপনার দেওয়া প্রতিবন্ধীত্ব সংক্রান্ত তথ্য ডিএইচএস শুধুমাত্র আপনার আরএ'এর অনুরোধের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্যই ব্যবহার করবে। ডিএইচএস আপনার চিকিৎসার সমগ্র ইতিহাস জানার অধিকারী নয়। আপনাকে শুধুমাত্র আপনার আরএ অনুরোধ সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্যই দিতে হবে।

আপনার আরএ অনুরোধের সাথে ডিএইচএস আপনার প্রতিবন্ধীত্ব সংক্রান্ত যে তথ্য পাবে তা গোপনীয়। এর অর্থ হ'ল যে আপনার অনুমতি ছাড়া ডিএইচএস অন্য কোনও ব্যক্তি বা সংস্থাকে এই তথ্য জানাতে পারবে না। আপনার আরএর'এর বিষয়ে আপনার চিকিৎসকের সাথে কথা বলার জন্য ডিএইচএস হয়তো আপনাকে একটি এইচআইপিএএ ফর্মে সাক্ষর করতে বলবে। এইচআইপিএএ হ'ল একটি ফর্ম যা আপনার চিকিৎসককে আপনাকে ছাড়াও অন্য ব্যক্তিদের সাথে আপনার স্বাস্থ্যের বিষয়ে কথা বলার অনুমতি দেয়। ডিএইচএস আপনার চিকিৎসকের সাথে কথা বলতে পারবে কিনা তা আপনার সিদ্ধান্ত, কিন্তু ডিএইচএস'কে আপনার আরএ'এর বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে এটা প্রায়শই সহায়ক হয়।

## আমার আরএ'এর বিষয়ে সিদ্ধান্ত নিতে ডিএইচএস কত সময় নেয়?

আপনার আরএ'এর বিষয়ে ডিএইচএস'এর দ্রুত সিদ্ধান্ত নেওয়ার কথা। আপনার আরএ'এর অনুরোধের বিষয়ে সিদ্ধান্ত নিতে ডিএইচএস'এর যে সময় লাগে তা নির্ভর করে আপনার কোন ধরণের প্রতিবন্ধীত্ব আছে, এবং আপনি অবিলম্বে আরএ না পেলে কী হতে পারে তার উপরে। জরুরী অবস্থায় ডিএইচএস'কে নিশ্চিত করতে হবে যে

আপনার আরএ’এর বিষয়ে সিদ্ধান্ত নিতে যে সময় লাগে তা যেন এত দীর্ঘ না হয় যে এটি প্রত্যাখ্যানের মতো একই প্রভাব ফেলে। উদাহরণস্বরূপ, একটি আশ্রয় ব্যবহার করার জন্য আপনার যদি নিতান্তই একটি আরএ প্রয়োজন হয়, তাহলে ডিএইচএস অবিলম্বে আপনার আরএ’এর অনুরোধের বিষয়ে সিদ্ধান্ত নেবে।

আধিকারিক সিদ্ধান্ত নেওয়ার আগে ডিএইচএস আপনাকে একটি “অস্থায়ী আরএ” দিতে পারে। একটি “অস্থায়ী আরএ”এর অর্থ হল আপনার আবেদন করার সাথে সাথেই ডিএইচএস আপনাকে আরএ দিতে সম্মত হচ্ছে, যদিও তা আধিকারিক ভাবে অনুমোদিত হয়নি। অবিলম্বে আরএ না পেলে যদি আপনার ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে ডিএইচএস আপনাকে একটি অস্থায়ী আরএ দেবে। আপনার সমস্ত তথ্য পর্যালোচনা করার পরে ডিএইচএস সিদ্ধান্ত নেবে যে আপনি অস্থায়ী আরএ রাখতে পারবেন কিনা।

যদি আপনি মনে করেন যে আপনার আরএ’এর সিদ্ধান্ত নিতে বেশি সময় লাগছে তাহলে আপনি সহায়তা চাইতে পারেন (দ্রষ্টব্য: **“আমার আরএ’এর অনুরোধের জন্য যদি আমার সহায়তার প্রয়োজন হয়, অথবা আরএ প্রক্রিয়া সম্বন্ধে প্রশ্ন থাকে তাহলে কী হবে?”**)।

**আমার আরএ অনুরোধের বিষয়ে ডিএইচএস সিদ্ধান্ত গ্রহণ করার পরে কী হবে?**

যদি ডিএইচএস আপনার আরএ’এর অনুরোধ অনুমোদন করে, তাহলে আপনার আশ্রয়কেন্দ্র সাক্ষর করার জন্য আপনাকে একটি আধিকারিক সিদ্ধান্তের ফর্ম দেবে। আপনি না চাইলে এতে আপনার সাক্ষর করার প্রয়োজন নেই। ডিএইচএস বিনা মূল্যে আপনাকে আরএ দেবে। আরএ অনুমোদিত হওয়ার পরে সমস্ত আশ্রয়কেন্দ্রগুলি আপনাকে অবশ্যই অনুমোদিত আরএ দেবে।

যদি ডিএইচএস আপনার আরএ’এর অনুরোধ প্রত্যাখ্যান করে, এবং আপনার মনে হয় যে সিদ্ধান্তটি ভুল, তাহলে আপনি আপিল করতে পারেন। ডিএইচএস’এর সিদ্ধান্ত কেন আপনার ভুল মনে হচ্ছে আপিল করার সময় তা লিখে দিলে সবচেয়ে ভাল হয়। আপনার আরএ’এর প্রয়োজন সংক্রান্ত আরও যে কোনও তথ্য আপনি অন্তর্গত করতে পারেন। কখনও কখনও আপনার প্রতিবন্ধীত্ব সম্বন্ধে জানেন এমন কোনও পেশাদারের কাছে থেকে আর একটি চিঠি যোগ করা সাহায্যকারী হতে পারে। ডিএইচএস আপনার আপিলের পর্যালোচনা করে সিদ্ধান্ত নেবে যে প্রত্যাখ্যান করা ভুল ছিল কিনা। প্রত্যাখ্যানের পরে অবশ্যই 15 দিনের মধ্যে ডিএইচএস’এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবেন। আপনার প্রয়োজন হলে আপনার আশ্রয়কেন্দ্রের কেউ অবশ্যই আপিলের ফর্ম ভর্তি করতে সাহায্য করবেন। প্রত্যাখ্যাত হওয়ার পরে যদি 15 দিন পার হয়ে যায়, তাহলেও একই আরএ’এর জন্য নতুন আরেকটি অনুরোধ দাখিল করার বিকল্প আপনার থাকবে। আরএ’এর জন্য আপনার অনুরোধ করার সংখ্যার কোনও সীমারেখা নেই।

**আরএ’এর অনুরোধ করলে আমাকে কি স্থানান্তর করা যেতে পারে?**

যদি ডিএইচএস মনে করে যে আপনার বর্তমান আশ্রয়স্থল আপনার আরএ’এর ব্যবস্থা করতে পারবে না, তাহলে আপনার আরএ’এর অনুরোধ(গুলি) করার পরে তারা আপনাকে অন্য একটি কক্ষে অথবা নতুন কোনও আশ্রয়কেন্দ্রে স্থানান্তর করতে পারে। এই স্থানান্তর আপনি প্রত্যাখ্যান করতে পারেন, কিন্তু ডিএইচএস মনে করবে যে এই আরএ আপনার আর প্রয়োজন নেই। এর অর্থ হ’ল যে পুনরায় আবেদন করা এবং তা মঞ্জুর না হওয়া পর্যন্ত আপনি সেই আরএ পাবেন না।

**আমার আরএ’এর অনুরোধের জন্য যদি আমার সহায়তার প্রয়োজন হয়, অথবা আরএ প্রক্রিয়া সম্বন্ধে প্রশ্ন থাকে তাহলে কী হবে?**

আপনার আরএ’এর অনুরোধের বিষয়ে প্রশ্ন অথবা সহায়তার জন্য লিগাল এইড’স হোমলেস রাইটস প্রোজেক্ট’কে 800-649-9125 নম্বরে ফোন করতে পারেন। হোমলেস রাইটস প্রোজেক্ট’এর হেল্পলাইন সোমবার থেকে শুক্রবার, সকাল 10’টা থেকে বেলা 3’টা পর্যন্ত চালু থাকে।

আপনি দ্যা অফিস অফ ডিজেবিলিটি অ্যাফেয়ার্স’কে এখানে DisabilityAffairs@dss.nyc.gov যোগাযোগ করে ডিএইচএস’কে আপনার আরএ প্রক্রিয়াকরণ সম্বন্ধে প্রশ্ন করতে পারেন।

আরএ’এর অনুরোধ করার বিষয়ে আরও জানার জন্য, এবং যদি আপনার মনে হয় যে আপনার প্রতিবন্ধীত্ব থাকার কারণে ডিএইচএস’এর কেউ আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করেছে, তাহলে আপনি এটা দেখতে পারেন ডিএইচএস’এর প্রতিবন্ধী আবেদনকারী ও গ্রাহকদের ওয়েবপেজ।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনার পছন্দসই ভাষায় পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে। যদি ইংরেজি ছাড়া আপনার অন্য কোনও পছন্দসই ভাষা থাকে তবে ডিএইচএসকে অবশ্যই আপনার পছন্দসই ভাষায় উপযুক্ত আবাসন পরিষেবা এবং বিজ্ঞপ্তি দিতে হবে। অনুগ্রহ করে দেখুন মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স'এর ল্যাংগুয়েজ অ্যাক্সেস ওয়েবপেজ অথবা লিগাল এইড সোসাইটির আপনার ভাষার জন্য অধিকারগুলির ওয়েবপেজ।